'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2021

## SEC1-P1-BENGALI

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) সাধু গদ্য কাকে বলে ? এর দু'টি বৈশিষ্ট্য লেখো।

(খ) বাংলা বাক্য গঠনের ত্রি-সূত্রটি উদাহরণসহ আলোচনা করো।

(গ) অব্যয় পদ কাকে বলে ? এটি কয় প্রকার ও কি কি ?

(ঘ) জটিল বাক্য কাকে বলে ? উপযুক্ত উদাহরণের সাহায্যে জটিল বাক্য বিষয়টি বুঝিয়ে দাও।

(ঙ) পাত্র-পাত্রী সন্ধানের বিজ্ঞাপন রচনার তিনটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য লেখো।

(চ) বাংলা ভাষায় প্রচলিত তিনটি গণমাধ্যমের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) সাধু থেকে চলিত গদ্যে রূপান্তরের সূত্রগুলি লেখো।

(খ) একটি জনকল্যাণমূলক বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।

(গ) গঠন অনুযায়ী বাংলা বাক্যের প্রকারভেদ উপযুক্ত উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও।

(ঘ) ক্রিয়াপদ কাকে বলে ? উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ করো।

(ঙ) পরিভাষা লেখঃ Absurd, Act, Chemera, Dialect, Fancy, Local Colour, Interpolation, Genre, Utopia, Wit, Climax, Trilogy.

(চ) তোমার কলেজে ম্যাগাজিন প্রকাশের বিষয়ে একটি বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) অর্থানুসারে বাংলা বাক্যের শ্রেণিবিভাজন করে প্রত্যেক প্রকার বাক্যের উদাহরণসহ সংজ্ঞা প্রদান করো।

(খ) সমাজ জীবনে বিজ্ঞাপনের সুফল ও কুফলগুলি সম্পর্কে আলোচনা করো।

(গ) রাজনৈতিক প্রচারে গণমাধ্যমগুলির ভূমিকা কতখানি সে-সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

(ঘ) বিশেষ্য পদ কাকে বলে ? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাজন করো।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2021

## CC5-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) লখীন্দরের বিয়ের টোপর কে বানিয়েছিল ? টোপরটি কিভাবে সজ্জিত হয়েছিল ?

(খ) ‘‘কাল নিদ্রা ধরে তারে দেবীর মায়ায়,
ঢুলিতে ঢুলিতে রামা, প্রভুরে চিরায়॥’’

— কোন্ কাব্যে, কার সম্পর্কে, কেন এরূপ বলা হয়েছে ?

(গ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে নিদয়ার ‘সাধভক্ষণ’-এ যে সমস্ত খাবারের আয়োজন করা হয়েছিল, সেগুলির নাম বল।

(ঘ) মুকুন্দ চক্রবর্তী কোথায় জন্মগ্রহণ করেন ? তাঁর পিতার নাম কী ? কোন্ নগরে, কার পৃষ্ঠপোষকতায় তিনি তাঁর কাব্যটি রচনা করেন ?

(ঙ) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থের আদিখণ্ডে বৃন্দাবন দাস কয়টি অধ্যায় রচনা করেছেন ? এই অধ্যায়গুলিতে চৈতন্যজীবনের কোন্ কোন্ বিষয় বর্ণিত হয়েছে ?

(চ) চৈতন্যদেবের দ্বিতীয় পত্নীর নাম কি ছিল ? তাঁর দ্বিতীয় বিয়ের ব্যয়ভার কে বহন করেছিলেন ? তাঁর প্রথম পত্নীর মৃত্যু কীভাবে ঘটেছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) নেতা-কে দেবচরিত্র বলার কারণ কি ? চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) লোকসংস্কৃতির নানা উপাদানে ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যখানি বিশিষ্ট হয়ে উঠেছে — উদাহরণসহ আলোচনা করো।

(গ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের ‘কালকেতুর বিবাহ’ অংশ অবলম্বনে তৎকালীন সমাজের বিবাহ পদ্ধতি, ব্রাহ্মণ্য সংস্কৃতি ও স্ত্রী-আচারের পরিচয় দাও।

(ঘ) ‘পশুগণের ক্রন্দন’ অবলম্বনে মুকুন্দ চক্রবর্তীর কৌতুকরস সৃষ্টির কৃতিত্ব আলোচনা করো।

(ঙ) নিত্যানন্দ লীলা বা নিত্যানন্দ তত্ত্বের পরিচয় দাও।

(চ) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থে মহাপ্রভুর বিদ্যাশিক্ষার যে বিবরণ আছে তার পরিচয় দাও।

Maynaguri College Library

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্য অনুসরণে বেহুলা চরিত্রটি চিত্রিত করো।

(খ) তোমাদের পাঠ্য মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে উপন্যাসের যে সকল লক্ষণ প্রকটিত হয়েছে, সেগুলির উল্লেখ করো।

(গ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্য অনুসরণে ভাড়ুদত্ত ও মুরারীশীল চরিত্র দুটির পরিচয় দাও।

(ঘ) বৃন্দাবন দাস তাঁর 'চৈতন্যভাগবত'-এ সমকালীন সমাজ চিত্রের যে পরিচয় দিয়েছেন তা বিবৃত করো।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A./B.Com. Programme 3rd Semester Examination, 2021

## LCC1-P2-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

Maynaguri College Library

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪=১২

(ক) কারক কাকে বলে ? কারক কয় প্রকার ও কী কী ?

(খ) উপসর্গযোগে তিনটি শব্দ গঠন করো।

(গ) সমাস নির্ণয় করোঃ

দম্পতি, শতাব্দী, সিংহাসন।

(ঘ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ

লোকনিরুক্তি অথবা স্বরভক্তি

(ঙ) অনুসর্গ বলতে কী বোঝ ? দৃষ্টান্ত দাও।

(চ) প্রত্যয় নির্ণয় করোঃ

শ্রবণ, গত, লেখক, বৈঠকখানা, লঘুত্ব, লুব্ধ।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪=২৪

(ক) উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনিগুলি বিন্যস্ত করো।

(খ) কারক বিভক্তি নির্ণয় করোঃ

(অ) **আলোয়** মাঠের কোল ভরেছে।

(আ) **সবাইকে** শিক্ষা দিতে হবে।

(ই) **শীতকালে** রাত্রি বড় হয়।

(ঈ) শিকারী বিড়াল **গোঁফে** চেনা যায়।

(উ) **গাছের ডাল** থেকে পাখি উড়ে গেল।

(ঊ) **ঈশ্বরে** বিশ্বাস রাখো।

(গ) বিভক্তি কাকে বলে ? শূন্য বিভক্তি বলতে কী বোঝ ? তির্যক বিভক্তি কাকে বলে ?

(ঘ) টীকা লেখোঃ

সমীভবন, অপিনিহিতি।

(ঙ) উপসর্গ ও অনুসর্গের পার্থক্য আলোচনা করো।

(চ) তৎপুরুষ সমাস কাকে বলে ? দৃষ্টান্তসহ আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উল্লেখ করে এর প্রধান ধারাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ

স্বরসংগতি, সংকর শব্দ, জোড়কলম, বর্ণ বিপর্যয়।

(গ) প্রত্যয় কাকে বলে ? বাংলা প্রত্যয় বিষয়ে বিশদে আলোচনা করো।

(ঘ) সমাস কাকে বলে ? সমাস কয় প্রকার ও কী কী ? সমাসের যে-কোনো দুটি প্রকারভেদের বিস্তৃত আলোচনা করো।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2021

## SEC1-P1-BENGALI

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ODBL-এর পুরো নাম কী ? এটির লেখক কে ? গ্রন্থটি কবে প্রকাশিত হয় ?

(খ) উইলিয়াম কেরি রচিত বাংলা ব্যাকরণ গ্রন্থটির নাম কী ? এটি কত সালে প্রকাশিত হয় ? তিনি আর কোন্ ভারতীয় ভাষায় ব্যাকরণ রচনা করেন ?

(গ) শব্দ ও পদের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও।

(ঘ) সংস্কৃত বচন ও বাংলা বচনের পার্থক্য কোথায় ?

(ঙ) সাধুভাষায় রচিত রবীন্দ্রনাথের তিনটি উপন্যাসের নাম লেখো।

(চ) বাংলায় লিঙ্গের বহুবিধ বিবরণ উদাহরণসহ লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাসে হ্যালহেডের অবদান সংক্ষেপে লেখো।

(খ) সাধু ও চলিত ভাষার তুলনামূলক আলোচনা করো।

(গ) উপসর্গ ও অনুসর্গ কাকে বলে ? উদাহরণসহযোগে এদের মধ্যে পার্থক্য লেখো।

(ঘ) ধাতু কাকে বলে ? ইহা কত প্রকার ও কি কি ? প্রত্যেক প্রকারের উদাহরণ দাও।

(ঙ) পুরুষভেদে বিভিন্ন কালে বাংলা ক্রিয়ারূপ কীভাবে বদলে যায় লেখো।

(চ) ব্যুৎপত্তি নির্ণয় করোঃ

বর্তমান, করণীয়, বিদ্বান, যশস্বী, ইন্দ্রজিৎ, ঐতিহাসিক ।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা ব্যাকরণ চর্চায় বিদ্যাসাগর অথবা সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

(খ) ক্রিয়ার কাল বলতে কী বোঝায় ? কোন্ কোন্ কালকে মৌলিক কাল এবং কোন্ কোন্ কালকে যৌগিক কাল বলা হয় ? এরূপ নামকরণের কারণ কী ?

(গ) ধাতু বিভক্তি ও ধাত্ববয়ব প্রত্যয়ের সংজ্ঞা নির্দেশ করে উভয়ের মধ্যে তুলনামূলক আলোচনা করো।

(ঘ) বিশেষণ কাকে বলে ? উদাহরণসহ বিশেষণের প্রকারভেদ আলোচনা করো।

——×——



Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2021

## CC6-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বাংলা কাব্যে ব্যবহৃত তিনটি সংস্কৃত ছন্দের নাম লেখো। এই সকল ছন্দ ব্যবহার করেছেন এরূপ তিনজন কবির নাম লেখো।

(খ) সত্যেন্দ্রনাথ দত্তের ছন্দ সম্পর্কিত গ্রন্থটির নাম কী ? এটি কত সালে প্রকাশিত হয় ? দলবৃত্ত ছন্দকে তিনি কী নামে অভিহিত করেছেন ?

(গ) যতি কাকে বলে ? ইহা কত প্রকার ও কি কি ?

(ঘ) লয় কাকে বলে ? কোন্ ছন্দে, কোন্ লয় ব্যবহার করা হয় ?

(ঙ) 'অপহ্নুতি' শব্দের অর্থ কী ? অপহ্নুতি অলংকারের উদাহরণ দাও।

(চ) শব্দালংকারের সৌন্দর্য কোথায় নিহিত ? একটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) অমিত্রাক্ষর ছন্দ বাংলা কবিতায় কে, কোথায় প্রথম প্রবর্তন করেন ? এই ছন্দের প্রবর্তক কীভাবে পয়ারের বেড়ী ভাঙেন ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(খ) মাত্রাবৃত্ত ও অক্ষরবৃত্ত ছন্দের তুলনামূলক আলোচনা করো।

(গ) ছন্দলিপি প্রস্তুত করোঃ

(অ) বিদ্‌ঘুটে রাত্তিরে ঘুটঘুটে ফাঁকা
গাছপালা মিশমিশে মখমলে ঢাকা।

(আ) কা আ তরুবর পঞ্চবি ডাল
চঞ্চল চীএ পৈঠো কাল॥

(ঘ) ব্যতিরেক অলংকার কাকে বলে ? উদাহরণসহ ব্যতিরেকের প্রকারভেদগুলি আলোচনা করো।

(ঙ) অলংকার নির্ণয় করোঃ

(অ) বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিণীর বীণ।

(আ) পাখির নীড়ের মতো চোখ তোলে নাটরের বনলতা সেন।

(চ) উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে ? উদাহরণসহ-এর প্রকারভেদগুলি আলোচনা করো।

Maynaguri College Library

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) বাংলা ছন্দে রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো।

(খ) অক্ষরবৃত্ত ছন্দের শোষণ শক্তি সর্বাধিক আলোচনা করো।

(গ) রূপক অলংকার কাকে বলে ? উদাহরণসহ রূপকের প্রকারভেদগুলি আলোচনা করো।

(ঘ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ

বক্রোক্তি, ছেকানুপ্রাস, অতিশয়োক্তি, বিরোধাভাস।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2021

## CC7-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'বীরাঙ্গনা' কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছিল ? এই উৎসর্গের মূলে কবির কোন্ উদ্দেশ্য ক্রিয়াশীল ছিল ?

(খ) 'বীরাঙ্গনা' কাব্যের মূল প্রেরণা হিসাবে কোন্ বিদেশী কাব্যের নাম উল্লেখ করা হয় ? সেই প্রেরণা দানকারী কাব্যের সঙ্গে আলোচ্য কাব্যের সাদৃশ্যগুলো লেখো।

(গ) 'বসুন্ধরা' কবিতাটিতে কবির কোন্ মানস প্রবণতার পরিচয় পাওয়া যায় ?

(ঘ) 'সোনার তরী' কাব্যগ্রন্থের অধিকাংশ কবিতা কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ? এই কাব্যের প্রথম ও শেষ কবিতার নাম উল্লেখ করে তাদের প্রকাশকাল লেখো।

(ঙ) 'এষা' শব্দের অর্থ কী ? কার স্মৃতিতে এই কাব্য রচিত হয় ? এই কাব্য বিষয়ের ঘটনাকাল ও কাব্যটির প্রকাশকাল লেখো।

(চ) 'এষা'র সমগোত্রীয় তিনটি বাংলা কাব্য ও তাদের রচয়িতাদের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'বীরাঙ্গনা' কাব্যের বীররসাত্মক পত্রিকাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

(খ) 'বীরাঙ্গনা' কাব্যের প্রাচ্য প্রভাব আলোচনা করো।

(গ) "আর পাব কোথা!
দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা।"

— এখানে কী পাওয়ার কথা বলা হয়েছে ? দেবতাকে প্রিয় এবং প্রিয়কে দেবতা করার মর্মার্থ বুঝিয়ে দাও।

(ঘ) 'সোনার তরী' কাব্যের তোমার পাঠ্য তিনটি কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের মানবপ্রীতি স্পষ্ট করো।

(ঙ) বাংলা গীতিকবিতার ধারায় 'এষা' কাব্যের স্থান নির্ণয় করো।

(চ) তোমার পাঠ্য কবিতা অবলম্বনে অক্ষয়কুমার বড়ালের মৃত্যুচেতনা আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) 'বীরাঙ্গনা' কাব্যের অভিনবত্ব আলোচনা করো।

(খ) তোমার মতে 'বীরাঙ্গনা' কাব্যের শ্রেষ্ঠপত্র কোন্‌টি ? যুক্তিসহ উত্তর দাও।

(গ) 'সোনার তরী' কাব্যের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) শোক কাব্য হিসেবে 'এষা'র সার্থকতা নির্ণয় করো।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2021

## DSC1/2-P3-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

Maynaguri College Library

## DSC3A/3B

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ''মন্দির বাহির কঠিন কবাট'' – এটি কোন্ পর্যায়ের পদ ? পদটির রচয়িতা কে ? এখানে 'মন্দির' শব্দের অর্থ কি ?

(খ) ''অব মথুরাপুর মাধব গেল'' – পদটির রচয়িতা কে ? 'মাধব', 'মথুরাপুর' কোথা থেকে, কি উদ্দেশ্যে গিয়েছিল ?

(গ) ''তাকর চরণে / দীন হীন বঞ্চিত / গোবিন্দদাস রহু দূর॥''
– আলোচ্য অংশে কবি গোবিন্দদাসের নিজের সম্পর্কে এরূপ উক্তির কারণ কী ?

(ঘ) তোমাদের পাঠ্য রবীন্দ্রনাথ ঠাকুরের 'লোকসাহিত্য' গ্রন্থটি কবে প্রকাশিত হয়েছিল ? এ গ্রন্থে মোট কয়টি প্রবন্ধ আছে ? এর মধ্যে প্রথম প্রবন্ধের নাম কি ?

(ঙ) 'ছেলেভুলানো ছড়া' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর 'দোল দোল দুলুনি' – ছড়াটির যে ব্যাখ্যা দিয়েছেন তা বিবৃত করো।

(চ) ''রাজ সভাকবি রায়গুণাকরের অন্নদামঙ্গল গান রাজকণ্ঠের মণিমালার মত,…।''
– কোথা থেকে নেওয়া ? রায়গুণাকরের প্রকৃত নাম কী ? তিনি কোন্ রাজার সভাকবি ছিলেন ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ''রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর'' – কোন্ পর্যায়ের পদ ? পদটির ভাববস্তু সংক্ষেপে লেখো।

(খ) 'বৈষ্ণব পদাবলী'তে প্রার্থনা পর্যায়ের পদ কাকে বলে ? তোমার পাঠ্য প্রার্থনা পর্যায়ের পদটির বিষয়বস্তু পরিস্ফুট করো।

(গ) গৌরচন্দ্রিকা কাকে বলে ? 'সমস্ত গৌরাঙ্গ বিষয়ক পদ গৌরচন্দ্রিকা নয়' – বিষয়টি পরিস্ফুট করো।

(ঘ) ''রাধার কি হৈল অন্তরে বেথা'' – রাধা 'অন্তরে বেথা'র কারণে কিরূপ আচরণ করছিল ? এরূপ আচরণ করার পেছনে সম্ভাব্য কারণ কি ছিল বলে কবি মনে করেছেন ?

(ঙ) 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ গ্রাম্য ছড়াগুলিকে কয় ভাগে ভাগ করেছেন ও সেগুলি কি ? প্রতিটি ভাগের একটি করে উদাহরণ দিয়ে এরূপ বিভাজনের স্বরূপ নির্ণয় করো।

(চ) বাংলাদেশের ছেলেভুলানো ছড়াগুলিতে যে রসটি পাওয়া যায় রবীন্দ্রনাথ ঠাকুর তার কী নামকরণ করেছেন ? এরূপ নামকরণের কারণ কী ? আলোচ্য প্রবন্ধের 'ছড়া সংগ্রহ'তে মোট কয়টি ছড়ার উল্লেখ রয়েছে ?

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) পূর্বরাগ কাকে বলে ? অনুরাগের সঙ্গে-এর পার্থক্য কোথায় ? পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।

(খ) ''বৈষ্ণব পদাবলী সমুদ্রগামিনী নদীর ন্যায়'' – উপযুক্ত দৃষ্টান্তসহ মন্তব্যটির সারবত্তা নির্ণয় করো।

(গ) রবীন্দ্রনাথ তাঁর 'কবি-সংগীত' প্রবন্ধে কবিগান ও কবিওয়ালাদের যে মূল্যায়ন করেছেন তার পরিচয় দাও।

(ঘ) 'ছেলেভুলানো ছড়া' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর 'বাংলা ভাষায় ছেলে ভুলাইবার জন্য যে-সকল ছড়া প্রচলিত আছে', সেগুলির মধ্যে যে সহজ স্বাভাবিক কাব্যরস সন্ধান করেছেন, তার পরিচয় দাও।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2021

## GE2-P1-BENGALI

Time Allotted: 2 Hours　　　　　　　　　　　　　　　　　　　　　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　　　　　　　　　৩×৪ = ১২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের লেখক গোষ্ঠীর নাম ও তাঁদের গ্রন্থের নাম উল্লেখ করো।

(খ) ত্রয়ী মহাকাব্য-এর নাম লেখো। এগুলি কার রচনা ?

(গ) বাংলা সাহিত্যে প্রথম সার্থক উপন্যাস কোন্‌টি ? এটি কার লেখা এবং কবে প্রকাশিত হয় ?

(ঘ) দীনবন্ধু মিত্রের প্রহসনগুলির নাম লেখো। তাঁর শ্রেষ্ঠ প্রহসনের প্রধান চরিত্রের নাম কী ?

(ঙ) স্বরসংগতি কাকে বলে ? উদাহরণসহ-এর প্রকারভেদগুলির নাম উল্লেখ করো।

(চ) নাসিক্যী ভবন কাকে বলে ? উদাহরণসহ লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　　　　　　　　　৬×৪ = ২৪

(ক) বাংলা গদ্য সাহিত্যে শ্রীরামপুর মিশনের ভূমিকা ও গুরুত্ব লেখো।

(খ) বাংলা কবিতায় কবি ঈশ্বরগুপ্তের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(গ) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটকগুলির নাম উল্লেখ করে এই ধারার নাটকে তাঁর কৃতিত্ব আলোচনা করো।

(ঘ) ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) টীকা লেখোঃ

জোড়কলম শব্দ, বর্ণ বিপর্যয় ।

(চ) সময়কাল অনুযায়ী বাংলা ভাষার যুগ বিভাগ কর। প্রত্যেক যুগের বাংলা ভাষার সাহিত্যিক নিদর্শনগুলির পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　　　　　　　　　১২×২ = ২৪

(ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

(খ) ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কয়েকটি উপন্যাসের পরিচয় দিয়ে বাংলা উপন্যাস সাহিত্যে তাঁর অবদান আলোচনা করো।

(গ) বাংলা ভাষা উদ্ভবের একটি রূপরেখা প্রস্তুত করো।

(ঘ) তোমার অঞ্চলে প্রচলিত বাংলা উপভাষাটির নাম লিখে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।

——×——

Maynaguri College Library